DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 21 Nov 2026, 05:50 PM

আন্তর্জাতিক

মাঝ আকাশে দুই পাইলটের হাতাহাতি, যাত্রীদের মধ্যে ছড়িয়ে পড়ে ছিনতাইয়ের আতঙ্ক

প্রতিবেদক: Bangladesh

প্রকাশের তারিখ: বুধবার, ৩০ সেপ্টেম্বর ২০২৬, ০২:৩২ PM



দুবাই থেকে ইসরায়েলের তেল আবিবগামী ফ্লাইদুবাইয়ের একটি বিমানের ককপিটে দুই পাইলটের মধ্যে হাতাহাতির ঘটনা ঘটেছে। এ সময় বিমানটি প্রায় ৩৪ হাজার ফুট উচ্চতায় ছিল। পরে মাত্র দুই মিনিটের মধ্যে বিমানটি ১৭ হাজার ফুট নিচে নেমে যায়। এ ঘটনায় বিমানটি ছিনতাই হয়েছে□এমন আতঙ্ক ছড়িয়ে পড়ে।

বুধবার (৩০ সেপ্টেম্বর) দুবাই থেকে তেল আবিবগামী ফ্লাইদুবাইয়ের একটি বিমানে এ ঘটনা ঘটে।

সিএনএনের প্রতিবেদনে বলা হয়েছে, দুবাই থেকে উড্ডয়নের কিছুক্ষণ পর বিমানটি থেকে এয়ার ট্রাফিক কন্ট্রোলে একটি জরুরি বার্তা পাঠানো হয়। ফ্লাইট ট্র্যাকিং তথ্য অনুযায়ী, তখন বিমানটি প্রায় ৩৪ হাজার ফুট উচ্চতায় ছিল। এরপর মাত্র দুই মিনিটের মধ্যে এটি নেমে আসে প্রায় ১৭ হাজার ফুটে।

প্রতিবেদন অনুযায়ী, ককপিটে দুই পাইলটের মধ্যে হাতাহাতির ঘটনাও ঘটে। এ সময় বিমান থেকে পাঠানো জরুরি বার্তার কারণে এটি ছিনতাই হয়েছে বলে বিভ্রান্তি তৈরি হয়। পরে ইসরায়েলি কর্তৃপক্ষ বিমান ছিনতাইয়ের খবর অস্বীকার করে।

ঘটনার পর জর্ডানের আকাশসীমায় থাকা বিমানটি হঠাৎ গতিপথ পরিবর্তন করে। পরে সৌদি আরবের তাবুক আন্তর্জাতিক বিমানবন্দরে জরুরি অবতরণ করে বিমানটি। এতে প্রায় ১৮০ জন যাত্রী ছিলেন বলে জানিয়েছে টাইমস অব ইসরায়েল।

প্রতিবেদন অনুযায়ী, বিমান ছিনতাইয়ের খবর ছড়িয়ে পড়ার পর ইসরায়েলি বিমানবাহিনীর কয়েকটি যুদ্ধবিমান সেটির নিরাপত্তায় এগিয়ে যায়। এ ঘটনায় ইসরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহুও জরুরি বৈঠক ডাকেন। তবে শেষ পর্যন্ত বিমানটি নিরাপদে সৌদি আরবের তাবুক আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে।

এ বিভাগের আরও খবর



ক্ষমতা ধরে রাখতে মরিয়া নেতানিয়াহু, ইসরায়েলে বাড়ছে সহিংসতার শঙ্কা
ইসরায়েলের সাম্প্রতিক নির্বাচনের পর রাজনৈতিক সংকটে পড়েছেন প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু। বিরোধীদের বিরুদ্ধে ধারাবাহিক আক্রমণ, নির্বাচনের...



ক্রিমিয়া সেতুতে হামলার জবাবে ইউক্রেনে রাশিয়ার ব্যাপক হামলা, নিহত ৮
ক্রিমিয়া সেতুতে ইউক্রেনের হামলার প্রতিক্রিয়ায় দেশটির বিভিন্ন এলাকায় ব্যাপক ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলা চালিয়েছে রাশিয়া। এতে রাজধানী কিয়েভে ছয়...





হরমুজ প্রণালিতে মার্কিন এমকিউ-৯ রিপার ড্রোন ভূপাতিতের দাবি ইরানের

পারস্য উপসাগরের গুরুত্বপূর্ণ জলপথ হরমুজ প্রণালিতে যুক্তরাষ্ট্রের অত্যাধুনিক এমকিউ-৯ রিপার ড্রোন ভূপাতিত করার দাবি করেছে ইরান। দেশটির সেনাবাহ...



সৌদি ভূখণ্ডের কিছু অংশ হুথিদের দখলে, দাবি টাকার কার্লসনের

ইয়েমেনের হুথি বিদ্রোহীরা সৌদি আরবের কিছু এলাকা দখলে রেখেছে বলে দাবি করেছেন মার্কিন রক্ষণশীল পডকাস্টার টাকার কার্লসন। তাঁর অভিযোগ, সৌদি ভূখণ্...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/international/majh-akashe-dui-pailter-hatahati-jatrider-mdhje-chhriye-pre-chhintaiyer-atngk